NETAJI SUBHAS OPEN UNIVERSITY
School of Humanities
Established By Act (W.B. Act (XIX) of 1997 and Recognised by U.G.C.)
Head Office: DD-26, Sector-I, Salt Lake City, Kolkata-700064; Phone: 033 40663214
Kalyani Campus: Kalyani Ghoshpara, Kalyani 741235
Website: www.wbnsou.ac.in; Email: nsou@wbnsou.ac.in

**UGC-DEB Sponsored Orientation Programme on Post Graduate Bengali Counselling in ODL System: Report**

ইউ.জি.সি-ডি-ই-বি-র অর্থানুকূল্যে নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের মানববিদ্যা অনুষদ ১৯ মার্চ, ২০১৬-য় ‘মুক্ত শিক্ষাক্রমে বাংলা স্নাতকোত্তর কাউন্সেলিং সম্পর্কিত উজ্জীবনী পাঠমালা’ সংক্রান্ত একটি কর্মশালার আয়োজন করে। উক্ত অনুষ্ঠানে যোগদান করেন বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন স্টাডি-সেন্টারে স্নাতকোত্তর বাংলা ভাষা ও সাহিত্য পঠন-পাঠনে নিযুক্ত কাউন্সেলররা। কর্মশালার মূল আলোচ্য বিষয় ছিল, মুক্ত শিক্ষাক্রমে স্নাতকোত্তর বাংলা পাঠক্রমে পাঠদান পদ্ধতি।

নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের বাংলা ভাষা ও সাহিত্যের পাঠক্রম এমনই এক পাঠক্রম যা অন্যান্য প্রাতিষ্ঠনিক বিশ্ববিদ্যালয়ের বাংলা পঠন-পাঠনের একটি সমান্তরাল পাঠক্ষেত্রের দিগন্ত উন্মোচিত করে শিক্ষার্থীদের সামনে। উন্নত ও আধুনিক বাংলা স্নাতকোত্তর পাঠক্রম ও উন্নত মানের পাঠ-উপকরণ এই মুক্ত শিক্ষার ক্ষেত্রকে বিস্তৃতি দিয়েছে। কিন্তু দূরশিক্ষা পর্ষৎ-এর প্রচলিত ও প্রণালীকৃত প্রকরণ অনুযায়ী এই পাঠক্রম ও স্বশিক্ষা উপযোগী পাঠ-উপকরণকে শিক্ষার্থীদের সামনে আরও স্পষ্টভাবে বোধগম্য করার দায় বিশ্ববিদ্যালয়ের থাকে। এখানে, শিক্ষার্থীদের সঙ্গে পাঠ-উপকরণের সংযোগ ঘটে বিভিন্ন স্টাডি-সেন্টারে নিযুক্ত কাউন্সেলরদের মাধ্যমে। ফলে, খুব স্বাভাবিকভাবেই মুক্ত শিক্ষা পাঠক্রমে বিশ্ববিদ্যালয় - স্থিরীকৃত বিষয়ভিত্তিক পাঠদান পরিকল্পনা সেইসমস্ত কাউন্সেলরদের নির্দিষ্ট সময় অন্তর জ্ঞাত করার প্রয়োজন থাকে। আর সেই গুরুত্বপূর্ণ প্রয়োজন থেকেই, স্নাতকোত্তর বাংলা স্তরের কাউন্সেলরদের ওরিয়েন্টশন প্রোগ্রাম বা উজ্জীবনী কর্মশালার আয়োজন করেছিল বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগ ও স্কুল অফ হিউম্যানিটিজ।

১৯ মার্চ, ২০১৬-য় সকাল ১০:৩০ মিনিটে নিবন্ধীকরণের শেষে শুরু হয় উদ্বোধনী অনুষ্ঠান। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক শ্রী শুভশঙ্কর সরকার। উপস্থিত ছিলেন স্টাডি-সেন্টার বিভাগের অধিকর্তা অধ্যাপক শ্রীঅসিতবরণ আইচ, মানববিদ্যা অনুষদের ভারপ্রাপ্ত আধিকারিক অধ্যাপক শ্রী মনন কুমার মণ্ডল, কলকাতা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক শ্রী বিশ্বনাথ রায়, নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের স্নাতকোত্তর বাংলা বিষয়-সমিতির সদস্য অধ্যাপক সনৎ কুমার নস্কর, এবং ডঃ শ্রাবণী পাল।

পুষ্পস্তবক প্রদানের মাধ্যমে এঁদের প্রত্যেককে বরণ করে নেন বিশ্ববিদ্যালয়ের তিনজন অধ্যাপক। এরপর কর্মশালার বিষয়ভিত্তিক প্রস্তাবনা করেন অধ্যাপক শ্রী মনন কুমার মণ্ডল। তাঁর বক্তব্য বিষয়ের শিরোনাম ছিল, ‘মুক্ত বিশ্ববিদ্যালয়ের স্নাতকোত্তর বাংলা কোর্স : একটি সামগ্রিক মূল্যায়ন' ।বিশ্ববিদ্যালয়ের প্রস্তাবিত পরিকল্পনা অনুযায়ী কীভাবে মুক্ত শিক্ষাক্রমে স্নাতকোত্তর-পাঠদান প্রক্রিয়ার উৎকর্ষসাধন সুনিশ্চিত করা যায় --- মূলত সেই বিষয়েই তিনি আলোকপাত করেন ।অধ্যাপক শ্রী অসিতবরণ আইচ স্টাডি সেন্টার বিভাগের অধিকর্তা হিসেবে ভাষণ প্রদান করেন। বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য তথা অনুষ্ঠানের সভাপতি অধ্যাপক শুভশঙ্কর সরকারের মূল্যবান বক্তব্য সংযোজন ও ধন্যাবাদ-জ্ঞাপনের মাধ্যমে উদ্বোধনী অনুষ্ঠানের সমাপ্তি ঘটে।

দশ মিনিটের চা-পান বিরতি শেষে শুরু হয় প্রথম প্রায়োগিক অধিবেশন। এই পর্বে সভাপতিত্ব করেন মানববিদ্যা অনুষদের ভারপ্রাপ্ত আধিকারিক অধ্যাপক শ্রী মনন কুমার মণ্ডল। ‘মুক্ত শিক্ষাক্রমে স্নাতকোত্তরবাংলা সিলেবাস' --- এই শিরোনামে, মুক্ত শিক্ষাক্রমের আদর্শকে সামনে রেখে, বাংলা স্নাতকোত্তর পাঠক্রমের পঠন-পাঠন বিষয়ক আলোচনা করেন অধ্যাপক সনৎ কুমার নস্কর। পাঠ-উপকরণকে যথাতথভাবে শিক্ষার্থীদের সামনে উপস্থাপনের কৌশলটি অনুষ্ঠানে আগত বিভিন্ন কাউন্সেলরদের কাছে পৌঁছে দেওয়াই ছিল তাঁর মূল উদ্দিষ্ট। এরপর ‘কাউন্সেলিং-এর শৈলী' বিষয়ে আলোকপাত করেন ডঃ শ্রাবণী পাল।

মধ্যাহ্ন-ভোজনের বিরতি শেষে শুরু হয় দ্বিতীয় প্রায়োগিক অধিবেশন। এই পর্বের সঞ্চালক ছিলেন অধ্যাপক শ্রী মনন কুমার মণ্ডল। এই পর্বে মূল আলোচ্য বিষয় ছিল ‘পাঠ-উপকরণের গুরুত্ব ও সহায়ক গ্রন্থ'। এই বিষয়ে আলোচনা করেন নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের স্নাতকোত্তর বাংলা

বিষয়-সমিতির সদস্য অধ্যাপক গোপা দত্ত ভৌমিক। এছাড়া, কাউন্সেলর-ম্যানুয়াল বিষয়ে কথোপকথন, অ্যাসাইনমেন্ট প্রসঙ্গে কাউন্সেলরদের কৃত্য সম্পর্কিত আলোচনা ও প্রতিনিধিদের বক্তব্য ---- ইত্যাদিও ছিল এই পর্বের আলোচ্য বিষয় । অ্যাসাইমেন্ট রচনা ও মূল্যায়ন বিষয়ে বিশ্ববিদ্যালয়ের পরিকল্পনা কাউন্সেলরদের জানানো এবং সেই সম্পর্কিত কোনো সমস্যার কথা কাউন্সেলরদের কাছ থেকে শোনার জন্যই এই প্রায়োগিক অধিবেশনের আয়োজন।

বিভিন্ন কাউন্সেলররা, মুক্ত শিক্ষাক্রমে স্নাতক ত্তর বাংলা পাঠক্রমের পঠন-পাঠন সংক্রান্ত নিজেদের অভিজ্ঞতা ও অসুবিধের কথা সভাপতির গোচরে আনেন। সামগ্রিকভাবে স্নাতকো ত্তর বাংলা পাঠদানের ক্ষেত্রে কাউন্সেলরার কী কী অসুবিধের সম্মুখীন হচ্ছেন, কীভাবে সেই অসুবিধে থেকে উত্তরণ সম্ভব --- সেই বিষয়ে আগত কাউন্সেলররা তাঁদের মূল্যবান বক্তব্য রাখেন। সেইসঙ্গে, পাঠ-উপকরণের ত্রুটি-দুর্বলতার দিকটিও চিহ্নিত করে ভবিষ্যতে যথাসাধ্য ত্রুটিমুক্ত পাঠ-উপকরণ প্রস্তুতির ক্ষেত্রে নতুন দিশা দেখান তাঁরা। তাঁদের অসুবিধের দিকগুলি গুরুত্ব সহকারে বিবেচনা করে যথাসাধ্য উত্তরপ্রদানের মাধ্যমে তাঁদের সন্তুষ্টিবিধান করেন সভাপতি অধ্যাপক শ্রী মনন কুমার মণ্ডল।

স্বল্প সময়ে অনেক কাউন্সেলরকেই তাঁদের বক্তব্য পেশ করার জন্য যথোপযুক্ত সময়-পরিসর দেওয়া যায়নি। তবে, সকলেই একমত হন যে, ভবিষ্যতে শিক্ষার্থীদের স্বার্থেই আরও বেশি সংখ্যায় এই ধরনের কর্মশালার আয়োজন প্রয়োজন।

অনুষ্ঠানের একেবারে অন্তিম পর্বে 'মুক্ত শিক্ষাক্রমে বাংলা স্নাতকোত্তর কাউন্সেলিং সম্পর্কিত উজ্জীবনী পাঠমালা' কর্মশালায় যোগদানকরী প্রত্যেক কাউন্সেলরকে শংসাপত্র ও সম্মানদক্ষিণা প্রদান করা হয়।

Coordinator: Dr. Anamika Das, Assistant Professor of Bengali, Academic Campus, Kalyani, NSOU